

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ চতুর্থ কারণ অতিরিক্ত স্থূল হওয়া, যার কারণে কোন ব্যক্তি জামা'আতে উপস্থিত হতে পারে না

ذِكْرُ الْعُذْرِ الرَّابِعِ وَهُوَ السِّمَنُ الْمُفْرِطُ الَّذِي يَمْنَعُ الْمَرْءَ مِنْ حُضُورِ الْجَمَاعَاتِ

আরবী

2067 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ أَنسِ بْنِ سِيرِينَ قَالَ: سَمِعْتُ أَنسَ بْنَ مَالِكَ قَالَ: قَالَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ _ وَكَانَ ضَخْمًا _ سِيرِينَ قَالَ: سَمِعْتُ أَنسَ بْنَ مَالِكَ قَالَ: قَالَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ _ وَكَانَ ضَخْمًا _ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنِّي لَا أَسْتَطِيعُ الصَّلَاةَ مَعَكَ فَلَوْ أَتَيْتَ مَنْزِلِي فَصَلَّيْتَ فِيهِ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ فَصَلَّى فَقَالَ فَكُن بُنُ الْجَارُودِ لِأَنسٍ: أَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلِّي الضَّحَى ؟ قَالَ مَا رَأَيْتُهُ صَلَّاهَا غير ذلك اليوم

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2067 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (664): خ دون قوله: ((فأقتدي بك)).

বাংলা

২০৬৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আনসারী এক ব্যক্তি যিনি অতিশয় স্থূল ছিলেন, তিনি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, "আমি আপনার সাথে সালাত আদায় করতে পারিনা, কাজেই আপনি যদি আমার বাড়িতে আসতেন অতঃপর সেখানে সালাত আদায় করতেন, তবে আমি আপনার অনুসরণ করতে পারতাম " অতঃপর সেই সাহাবী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য খাবার প্রস্তুত করেন এবং তাঁকে তার বাড়িতে দা'ওয়াত দেন। তিনি তাঁর জন্য তাদের চাটাইয়ের এক প্রান্ত বিছিয়ে দেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখানে দুই রাকা'আত সালাত আদায় করেন। রাবী বলেন, "তখন ইবনুল জারূদের এক ছেলে আনাস রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি চাশতের সালাত আদায় করতেন?" জবাবে আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "সেই দিন ছাড়া আর



কোন দিন তাঁকে এই সালাত আদায় করতে দেখি নাই।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ১১৭৯; মুসনাদ আহমাদ: ৩/১৩০; আবূ দাউদ: ৬৫৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন